

রাকসু'র খসড়া ভোটার তালিকা প্রকাশিত

লুবনা শারমিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২৩:৪৬, ৬ আগস্ট ২০২৫



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচনের খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। তালিকায় মোট ভোটার ২৫ হাজার ১৫২ জন। এর মধ্যে ছাত্র ভোটার ১৫ হাজার ৪৬৮ জন এবং নারী ভোটার

৯ হাজার ৬৮৪ জন। গতকাল বুধবার রাত সাড়ে ৯ তার দিকে রাকসুর ওয়েবসাইটে এ ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে।

ভোটার তালিকায়, শের-ই বাংলা হলে ৯৭২ জন, শাহ মখদুম হলে ১ হাজার ২৪৭ জন, নবাব আব্দুল লতিফ হলে ৮১৭ জন, আমীর আলী হলে ৯৮৮ জন, শহীদ শামসুজ্জেজাহা হলে ১ হাজার ৩৫ জন, শহীদ হবিবুর রহমান হলে, ২ হাজার ৩৯৮ জন, মতিহার হলে ১ হাজার ৬১৮ জন, মাদার বখশ হলে ১ হাজার ৫৭৩ জন, হোসেন শহীদ সোহরাওয়ার্দী হলে ১ হাজার ৫৪২ জন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান হলে ১ হাজার ৯৪৭ জন, বিজয়-২৪ হলে ১ হাজার ৩৩০ জন ভোটার রয়েছেন।

এ ছাড়াও নারী হলগুলোর মুন্মুজান হলে ২ হাজার ৭ জন, রোকেয়া হলে ১ হাজার ৮১৬ জন, তাপসী রাবেয়া হলে ১ হাজার ৩৭ জন, বেগম খালেদা জিয়া হলে ১ হাজার ১২৪ জন, রহমতুন্নেসা হলে ১ হাজার ৫৪৭ জন এবং জুলাই-৩৬ হলে ২ হাজার ১৫৩ জন ভোটার রয়েছেন।

ভোটার তালিকা প্রকাশ করে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক আমজাদ হোসেন স্বাক্ষরিত একটি বিজ্ঞপ্তি দেওয়া হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘রাকসু হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচনের খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হলো। রাকসুর ওয়েবসাইট-এ (<https://www.ru.ac.bd/rucsu/>) এবং সংশ্লিষ্ট আবাসিক হলসমূহের নোটিশ বোর্ডে খসড়া ভোটার তালিকা পাওয়া যাবে। খসড়া ভোটার তালিকায় কোন আপত্তি থাকলে তা সংশ্লিষ্ট আবাসিক হল কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে নির্বাচনী তফসিলে উল্লেখিত সময়সীমার মধ্যে নিষ্পত্তি করতে হবে।’